

উপজেলা ব্যবস্থা : উন্নয়ন সুখী প্রবাসনিক একক

এম, ফির তিগ্রীৱ জন্ম রচিত অতিসকর্ভ

GIFT

382781

মোহসেনা ষান
গ্ৰান্টবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা ।

ঢাকা
কিব্দিয়ালয়
ক্ৰেডায়া

Dhaka University Library



382781

M.Phil.

382781

ঢাকা
বিদ্যালয়
কল্যাণ

কৃতজ্ঞতা স্মৃতি

এই পবেষণা কাজের জন্য যারা বিভিন্নভাবে আমাকে সাহায্য ও সহযোগিতা করেছেন আমি তাঁদের প্রতি আমার কৃতজ্ঞতা ও আনুগ্ৰিক ধন্যবাদ জানাতে চাই।

পবেষণার কাজ করার সুযোগ দিয়ে এবং বৃত্তি প্রদান করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং রাষ্ট্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান আমাকে বিশেষভাবে অনুপ্রাণিত করেছেন। তাঁদের নিকট আমি কৃতজ্ঞ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য এবং রাষ্ট্র বিজ্ঞান বিভাগের অধ্যাপক আমার প্রদেয় শ্রমিক জনাব এমাজ উদ্দীন আহমেদ সাহেবের সুযোগ্য তত্ত্বাবধান ও নির্দেশনায় আমি আমার অন্তিমকর্তৃক রচনা করেছি। তাঁর মূল্যবান উপদেশ ও পরামর্শ দ্বারা আমি অত্যন্ত উপকৃত হয়েছি। তাঁর কাছে আমি বিশেষভাবে কণী।

আমার পিতার সহপাঠী শিল্প সম্প্রদায়ের অতিরিক্ত সচিব প্রদেয় জনাব মোহাম্মদ মিরাজুদ্দীন সাহেবের কথা বিশেষভাবে উল্লেখ না করলে আমার বক্তব্য অসম্পূর্ণ থেকে যাবে। তিনি আমাকে বিভিন্ন সময়ে উপদেশ ও পরামর্শ দিয়ে এবং বিভিন্নভাবে অত্যন্ত আনুগ্ৰিকতার সাথে আমাকে সাহায্য ও সহযোগিতা করেছেন। তাঁর নিকট আমি বিশেষভাবে কৃতজ্ঞ।

পবেষণা কাজের জন্য আমি ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, সিরাজপা ও স্থানীয় সরকার ইনস্টিটিউট গ্রন্থাগার ব্যবহার করেছি। এসকল গ্রন্থাগারের কর্তৃপক্ষ ও কর্মচারীবৃন্দ আমাকে অত্যন্ত আনুগ্ৰিকতার সাথে সহযোগিতা করেছেন। এজন্য তাঁদেরকেও আমি ধন্যবাদ জানাচ্ছি।

এছাড়া খামরাই উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য পরিষদ সদস্য পণ এবং সরকারী কর্মকর্তাগণ আমাকে বিভিন্ন ভাবে সাহায্য ও সহযোগিতা করেছেন। তাঁদের নিকট আমি কৃতজ্ঞ। চরিত্র কাজে সহযোগিতা করার জন্য আমি খামরাই উপজেলার অধিবাসী-বৃন্দকেও ধন্যবাদ জানাচ্ছি।

382781

তারিখ ১৬ - ৫ - ৮১

ঢাকা
বিশ্ববিদ্যালয়
গ্রন্থাগার

মোহাম্মদ হান

সূচীপত্র

		পৃষ্ঠা নং
প্রথম অধ্যায় :	উন্নয়নের ধারণা	১
দ্বিতীয় অধ্যায় :	বিকেন্দ্রীকরণ তত্ত্ব এবং উন্নয়নশীল দেশে এর প্রয়োজনীয়তা	১২
তৃতীয় অধ্যায় :	ঐতিহাসিক প্রেক্ষাপটে উপজেলা পরিষদ	২০
চতুর্থ অধ্যায় :	বানি ও উপজেলা প্রশাসন : খামরাই উপজেলা	৩২
পঞ্চম অধ্যায় :	উপসংহার	৭৯
গ্রন্থসংক্রান্ত :		৮০

382781



প্রথম অধ্যায়
=====

উন্নয়নের ধারণা

উন্নয়নকে বিভিন্ন প্রেক্ষাপটে ব্যাখ্যা করা হয়েছে। Third New International Dictionary অনুযায়ী উন্নয়ন হচ্ছে, "প্রগতিশীল পরিবর্তনের মধ্য দিয়ে একাগত অগ্রসরণ বা বৃদ্ধি।"^১ আধুনিকীকরণের দৃষ্টিকোণ থেকে, "দিল্লীমুত, নগরভিত্তিক, শিকিত এবং অংশ-গ্রহণকারী"^২ সমাজই হচ্ছে উন্নত সমাজ। অস্ট্রেলিয়ান শব্দকোষ প্রথম পর্যায় থেকে অর্থনৈতিক প্রবৃদ্ধির সাহায্যে উন্নয়নকে ব্যাখ্যা করা হয়েছে। এই ধারণানুযায়ী সমাজের মধ্য যখন বিভিন্ন পর্যায় অতিক্রম করে "জনগণের জীবনের সর্বোচ্চ পর্যায়"^৩ উপনীত হয় তখন সেই সমাজ উন্নয়নের ^{সম্পূর্ণ} পৌঁছিয়ে বলে মনে করা হবে। আর কোন সমাজে এই অর্থনৈতিক প্রবৃদ্ধির সুশাসিত প্রক্রিয়ার মাধ্যমেই "রাষ্ট্রনৈতিক সংগঠন, সমাজ স্থিতিশীল এবং জীবনের প্রতি দৃষ্টিভঙ্গির সুদূরপ্রসারী পরিবর্তন"^৪ সূচিত হবে। উন্নয়নশীল দেশগুলোতে বর্তমান পর্যায়ের ৬০ এর দশক পর্যন্ত এই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের উন্নয়ন কৌশল অনুসৃত হয়েছে। এই নীতি অনুযায়ী মোট জাতীয় উৎপাদন ৩ মাঝখিন্ড আয় বৃদ্ধিই উন্নয়নের লক্ষ্য এবং এই প্রবৃদ্ধির সুযোগ সুবিধাসমূহ" আনবার একেই চাইলে বলে "দরিদ্র জনসমষ্টির জীবনযাত্রায় পরিবর্তন আনবে। কিন্তু ৬০ এর দশকে উন্নয়নশীল দেশগুলোতে উচ্চহারে প্রবৃদ্ধি অর্জিত হলেও এর ফলাফল দল সুন্নত জন-সাধারণের মধ্যে তা ছড়িয়ে পড়েইনি বরং ধনী দরিদ্রের আয়ের ব্যবধান এবং দারিদ্রসীমার নীচে বসবাসকারী জনগণের সংখ্যা বেড়েছে ব্যাপক ভাবে।" আনুষ্ঠানিক মেসে অসামান্য এবং জাতীয় মেসে দারিদ্র "^৫ এসব দেশের জনজীবনকে বিপর্যয় করে ফেলছে। এশীয় দেশগুলোতে এ সময় মোট জাতীয় উৎপাদন বৃদ্ধির হার ৪.৬% থেকে ৮.৪% এ বৃদ্ধি পেলেও ৭০ এর দশক তার প্রথম দিকে আনুষ্ঠানিক হারে

১। Charles K. Wilber & Kenneth P. Johnson, "Paradigms of Economic Development and beyond" in Charles K. Wilber (ed), Political Economy of Development and under development (3rd ed), Random House, Newyork, 1984), p.6.

২। Daniel Learner and W. Lucille Pevaner, The Passing of Traditional Society. (Illinois free press, Glencoe, 1958) P.50

৩। W.W. Rostow, The Stages of Economic Growth (Cambridge University Press, 1968) P. 10.

৪। Everett E. Hagen, On The Theory of Social Change, (Chambridge University Press, 1968), P.50.

৫। Keith Griffin, "Economic Development in a Changing World" in World Development, VOL-9, 1981.

দারিদ্র্য হ্রাস পেয়েছে ৩৫% থেকে ৭০% এর মধ্যে।^৬ এই অবস্থার প্রেক্ষিতে প্রযুক্তির সাথে সাথে সমতার তির্যকে বন্ধনের প্রসূতি আলোচনায় আসে। এই উন্নয়ন প্রতিষ্ঠা প্রসঙ্গে Dudley Seers তিনটি প্রশ্ন রেখেছেন।^৭ "দারিদ্র্যের ক্ষেত্রে কি ঘটছে? বেকারত্বের ক্ষেত্রে কি ঘটছে? অসামান্যের ক্ষেত্রে কি ঘটছে?" এই তিনটি প্রশ্নের ইতিবাচক উত্তরের প্রেক্ষিতে তিনি উন্নয়নের চারটি পর্যালোচনা করেন। তার মতে, এই তিন অবস্থা থেকে উত্তরণের মাধ্যমেই উন্নয়ন অর্জিত হবে। মাহবুবুল হক আরও একটি দিকের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন। তার মতে "জনগণ প্রকৃত পক্ষে যা চায়"^৮ বা তাদের প্রয়োজনের প্রতি লক্ষ্য রেখে উন্নয়ন পরিকল্পনা গ্রহণিত হওয়া উচিত। কাজেই উন্নয়নে মূল্যবান প্রযুক্তির হারের সাথেই সম্পর্কিত নয়া বরং আগের সুখম বন্ধন এবং "সামাজিক ও কৃষ্টিগত পরিবর্তনের"^৯ সাথেও জড়িত। অর্থাৎ উন্নয়ন বলতে বোঝায় "পরিবর্তন এবং বৃদ্ধি"^{১০} উন্নয়ন হচ্ছে "সমাজের গতিশীল পরিবর্তন" বা সামগ্রিক বিহীন পরিবর্তন"^{১১} আবার উন্নয়নকে "সকল সমাজের এবং সমাজের সকল ব্যক্তি ও গোষ্ঠীর পুনর্গত উৎকর্ষ সাধনের"^{১২} উপায় হিসেবেও ব্যাখ্যা করা হয়েছে।

বর্তমানে বিস্তারিত উন্নয়নশীল দেশে দুটি "মৌলিক ও পরম্পর সম্পর্কিত লক্ষ্য প্রতিপত্তন ও আর্থ সামাজিক উন্নয়নের"^{১৩} প্রতি পুরুত্ব দেওয়া হচ্ছে এবং এ সমসু দেশের উন্নয়নের লক্ষ্য ও প্রচেষ্টা লক্ষ্যের আলোকে উন্নয়নকে এভাবে ব্যাখ্যা করা যায় যে, উন্নয়ন হচ্ছে সকল পুরের জনসমষ্টির কল্যাণের

-
- ৬। Raj.Krishna, "Concepts in Policies of Rural Development" in Rural Development in Asia and the Pacific, Papers & Proceedings of the ADB Regional Seminar on Rural Development, Manila, Philippines October, 1984, Volume-1, P.2
- ৭। Dudley Seers "The Meaning of Development in Charles K. Wilber(ed), OP.cit. 3rd ed, P.7.
- ৮। Mahbubul Haque, "Employment in 705: A New Perspective" in Charles K. Wilber(ed), O.P.cit. 1st ed, P.268.
- ৯। Gerhard Colm and Theodore Geiger, "Country programming as a Guide to Development, in Development of the Emerging Countries: An Agenda for Research, (Brookings Institution, Washington 1962), P.47.
- ১০। Ibid. P.47.
- ১১। W.W. Rostow, OP.cit., P.4.
- ১২। Denis Goulet "Development ?.....or "Liberation " in Charles K. Wilber(ed), Op.cit., 3rd ed., P.462.
- ১৩। M.J. Esman, "The Role Politics of Development Administration "in Montgomery and Siffin(eds) Approaches to Development, (Mc Grow Hill Book Company, New York, 1966), P.59.

জন্য বিদ্যমান আর্থ-সামাজিক ও রাজনৈতিক অবস্থা পরিবর্তনের লক্ষ্যে পরিচালিত এক সুগুরুত্বপূর্ণ ও সৃষ্টিমূলক সমষ্টিগত প্রক্রিয়া। দরিদ্র জনসমষ্টির জীবনযাত্রার মান উন্নয়ন এর লক্ষ্য। সর্বসুখের জনগণের সৃষ্টির প্রতি লক্ষ্য রেখে সুযোগ সুবিধার সকলের মধ্যে সমতাবে বন্টন উন্নয়ন প্রচেষ্টার অন্তর্ভুক্ত। উন্নয়নশীল দেশগুলোতে বিদ্যা যান চরম সারিস্বত্বের প্রেক্ষিতে যৌনিক চাহিদা পূরণের বিষয়টি সম্প্রতি উন্নয়ন কৌশলের ক্ষেত্রে বহুল ভাবে আলোচিত। Streeten এর মতে, সকল সুখের জনগণের যৌনিক চাহিদা পূরণই উন্নয়নের লক্ষ্য হওয়া উচিত। বিদ্যা, স্বাস্থ্য, বাসস্থান, চিকিৎসা, শিক্ষা, কর্মসংস্থান ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশ গ্রহণ এসব যৌনিক চাহিদার অন্তর্ভুক্ত।^{১৮}

উন্নয়নের মূল উদ্দেশ্য দরিদ্র জনসমষ্টির জীবন যাত্রার মান উন্নয়ন। এজন্য সর্বপ্রথম প্রয়োজন পঞ্চাদশম জনসমষ্টিতে উন্নয়ন কর্মসূচীর আওতাভুক্ত করা এবং শহর ও গ্রামের বিরাট ব্যবধান দূর করা। কারণ উন্নয়নশীল দেশগুলোতে শহর ও গ্রামের মধ্যে অসম বন্টন ব্যবস্থা এর অন্যতম প্রধান কারণ। এ থেকেই সৃষ্টি হয়েছে আয়ের বিরাট ব্যবধান। "কি দশ ভাবে এশীয় দেশ-গুলোতে" গ্রামাঞ্চলের গড় আয় শহর অঞ্চলের আয়ের অর্ধেক বা তারও কম।^{১৯} এ সমস্যা দেশের গ্রামাঞ্চল দরিদ্র বেকারত্ব, রোগবাধি, অশিক্ষা, কুসংস্কার, জনসংখ্যার উচ্চহার, অসুস্থ্য করা বাসস্থান, অনুন্নত যাতায়াত ব্যবস্থা ইত্যাদি মানাবিধ সমস্যা জর্জরিত। এজন্য বর্তমানে গ্রামীণ জীবনকে পুনর্গঠনের লক্ষ্যে উন্নয়ন নীতি প্রণয়ন ও বাস্তবায়নের প্রতি গুরুত্ব আরোপ করা হচ্ছে।^{২০}

গ্রাম উন্নয়নের ধারণাটি অত্যন্ত সাম্প্রতিক। সাধারণ ভাবে গ্রাম উন্নয়ন বলতে বোঝায় গ্রামীণ জনগণের জীবন যাত্রার সকল সুখের মান উন্নয়ন। গ্রামের দরিদ্র জনসমষ্টির কল্যানের লক্ষ্যে তাদের মাথাপিছু আয় ও উৎপাদন বৃদ্ধি, স্থানীয় পর্যায়ে স্বেচ্ছা বন্টন, অংশ গ্রহণমূলক প্রতিষ্ঠান গঠন ও এসব প্রতিষ্ঠানের দক্ষতার উৎকর্ষ সাধন গ্রাম উন্নয়নের ধারণার সাথে জড়িত। গ্রাম উন্নয়ন এমন একটি প্রক্রিয়া যা গ্রামীণ জনগণকে তাদের পারিবারিকতার উপর নিয়ন্ত্রণ কমতা বৃদ্ধিতে নেতৃত্ব দেয়, সেই সাথে এরূপ নিয়ন্ত্রণের মনে সুযোগ সুবিধা সমৃদ্ধ ব্যাপক ভাবে বণ্টিত হয়।^{২১} এই

^{১৮} Keith Griffin & Ajit Kumar Ghose, "Growth and Impoverishment in the Rural Area of Asia" in Charles K. Wilber (ed), OP. Cit, 3rd ed, 1984, P. 249.

^{২১} Inayatullah (ed) Approaches to Rural Development, (Asia and Pacific Development Administrative Centre, Kuala Lumpur, Malaysia 1979), P. 11.

পারিপার্শ্বিকতা হচ্ছে ' ' রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও তৌত পরিবেশ " ।^{১৬} আর কমতা হতো ' ' রাজনৈতিক ভাবে সংগঠিত হওয়ার সামর্থ ' ' ।^{১৭} সুতরাং গ্রাম উন্নয়নের ধারণাটি কমতার কাঠামোর সাথে যুক্ত।^{১৮}

Griffin গ্রাম উন্নয়নের তিনটি তত্ত্ব উল্লেখ করেছেন।^{১৯} এগুলো হচ্ছে প্রযুক্তিগত, সংস্কারমূলক ও মৌলিক। প্রযুক্তিগত তত্ত্ব অনুযায়ী গ্রাম উন্নয়ন প্রকৃষ্টির কৌশলের সাথে জড়িত, সংস্কারমূলক তত্ত্ব প্রকৃষ্টির সাথে সমতার প্রযুক্তি জড়িত আর মৌলিক তত্ত্ব সমাজ কাঠামোর আমূল পরিবর্তনের মাধ্যমে রাজনৈতিক কমতার পুনর্কটনের কথা বলা হয়েছে।

১৯

Norman T. Uphoff এবং Milton J. Esman গ্রাম উন্নয়নের জন্য কয়েকটি আবশ্যিকীয় উপাদানের কথা বলেছেন। এগুলো হচ্ছে সরকার ও জনগণের মিমিত মিমিত্রিয়োগ, প্রায়ের তুধিহমি ও দরিদ্র জনগণের প্রতি লক্ষ্য রেখে সরকারী নীতি প্রণয়ন, কার্যকর প্রতিষ্ঠান সৃষ্টি, মাপসই প্রযুক্তি।

২০ মাধারণ ভাবে গ্রাম উন্নয়ন কর্মসূচীকে তিনটি শ্রেণীতে বিভক্ত করা যেতে পারে :-

- ১) সামাজিক সেবামূলক, যেমন, স্কুল, হাসপাতাল, চিকিৎসা, পরিবার পরিকল্পনা।
- ২) তৌত কাঠামোগত, যেমন - সড়ক ও যোগাযোগ ব্যবস্থা।
- ৩) উৎপাদনমূলক, যেমন - কৃষি, মিল, পশুপালন, বন, মৎস্য মিল।

গ্রাম উন্নয়ন কর্মসূচীর সফল বাস্তবায়নের জন্য জনগণকে নিম্ন সুর থেকে সংগঠিত করা প্রয়োজন। একটি অংশ গ্রহণক্ষমী প্রশাসনিক কাঠামোর মাধ্যমেই তা সম্ভব হতে পারে। সরকারের

১৬ Ibid, P.11

১৭ Ibid, P.11.

১৮ Keith Griffin, The Political Economy of Agrarian Changes: An Essay on the Green Revolution, (Cambridge, Harvard University, 1974), pp. 198-203.

উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার একমাত্র মাধ্যম হচ্ছে প্রশাসনিক ব্যবস্থা। সিদ্ধান্ত গ্রহণ প্রতিষ্ঠায় প্রায়শই পরিষ্ত জনসাধারণের স্বেচ্ছা সৃষ্টি করে, তাদের প্রয়োজনের ভিত্তিতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন এবং স্থানীয় পর্যায়ে সম্পদ আহরণ ও বরাদ্দের ক্ষেত্রে প্রশাসনই নির্দেশনা ও নেতৃত্ব দিয়ে থাকে। জনগণকে প্রশাসনের সাথে যুক্ত না করলে উন্নয়ন কর্মকাণ্ড সকল সুরে সমভাবে গৃহীত হবে না এবং এর সুফল সকল সুরের জনগণের মধ্যে সমভাবে বিস্তৃত হবে না। এজন্য প্রশাসনকে প্রত্যন্থ অক্ষমতা বিমুক্ত করা প্রয়োজন। প্রশাসনিক ব্যতিক্রম মাতে জনগণের কাছাকাছি যেতে পারেন সেজন্য গ্রামাঞ্চলে প্রশাসনিক কাঠামো গড়ে তোলার প্রয়োজন। এর ক্ষেত্রে উন্নয়ন কর্মকাণ্ডের সিদ্ধান্ত গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়নের দায়িত্ব সাধারণ জনগণের হাতে ন্যস্ত হতে পারে। গ্রামের শ্রেণীভিত্তিক সংগঠন ও বেসরকারী সংস্থা সমূহের মধ্যে সমন্বয় সাধনেও প্রশাসনিক কাঠামোর ভূমিকা অপরিসীম। এছাড়া জাতীয় স্কেলে প্রতিষ্ঠার ক্ষেত্রে কেন্দ্রীয় ও স্থানীয় প্রশাসনের ভূমিকা অত্যন্ত পূরুষ্পূর্ণ। কেন্দ্রীয় প্রশাসন স্থানীয় গণতান্ত্রিক প্রতিষ্ঠানের হাতে পর্যাপ্ত ক্ষমতা অর্পনের মাধ্যমে জনগণকে নিম্নসুর থেকে সুসংহত করতে পারে। জাতীয় স্কেলে সৃষ্টির একটি অপরিসীম উপাদান হচ্ছে প্রশাসক ও জনগণের কাছাকাছি দূর করা, আর এটি সম্ভব হয় একটি জনপ্রতিবিধিযুক্ত, দুর্বীচিৎ, গতিশীল ও বৈধ প্রশাসনিক কাঠামোর মাধ্যমে।

অন্যান্য উন্নয়নশীল দেশের ন্যায় বাংলাদেশও বানাবিধ সমস্যা জর্জরিত। এখানকার প্রকট সমস্যা হচ্ছে দারিদ্র্য। ১,৩০,১১৮ বর্ষ কিসলোমিটার আয়তন বিস্তীর্ণ এই দেশের জনসংখ্যা প্রায় ১০ কোটি এবং জনগণের মাথাপিছু আয় ১৩০ মার্কিন ডলার।^{১৯} এই জনসংখ্যার ৮৭% গ্রামে বাস করে।^{২০} এই গ্রামে বসবাসকারী জনসংখ্যার ৮০%ই দারিদ্র্য।^{২১} জমি ও অন্যান্য উৎপাদনশীল সম্পদের অসম বন্টন, অনুন্নত কৃষি বিদ্যাবস্থা, বুদ্ধির অভাব, মূল্য বিবিদ্যোগ, ঋণের সুবিধার অভাব প্রমূহের অর্থনৈতিক জীবনের সাধারণ বৈশিষ্ট্য। এছাড়া অধিকা, অশিক্ষিত, বেকরাজ, জনসংখ্যা ও বাসস্থান সম্পর্কিত গ্রামাঞ্চলে বিরাজ করছে চরম হতাশা বসনকারক অবস্থা। অধিকাংশ জনগণ দারিদ্র্য সীমার নীচে বসবাস করছে। তাই আমাদের দেশের গ্রাম উন্নয়নের সকা হওয়া উচিত - প্রায়শ

- ১৯। Mir Mahfazul Haque, "Strategy For Development Projects in Bangladesh" in Rural Development in Asia and the Pacific, OP. cit. VOL-2, P. 1
- ২০। Ibid, P. 1.
- ২১। Ibid, P. 1.

জন সমষ্টির অর্থনৈতিক উন্নয়ন। আমাদের অর্থনীতি গ্রাম নির্ভর, তাই জাতীয় উন্নয়নের প্রাথমিক ও প্রধান খণ্ড গ্রাম উন্নয়ন। এজন্য প্রত্যক্ষ অঞ্চলে উন্নয়নমুখী প্রশাসনিক কাঠামো গঠনের প্রয়োজনীয়তা ব্যাপকভাবে সূচিত। এই লক্ষ্যে আমাদের দেশে বিভিন্ন সময়ে কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ে প্রশাসনিক ব্যবস্থার পুনর্গঠনের জন্য বিভিন্ন ধরনের পরীক্ষা-নিরীক্ষা চালানো হয়েছে। আমাদের এখানে সাম্প্রতিক কালের ~~কেন্দ্রীয়~~ ~~কালের~~ সংস্কার হচ্ছে উপজেলা ভিত্তিক প্রশাসনের প্রবর্তন।

ব্রিটিশ শাসনামল থেকেই খানা এবং জেলা গুরুত্বপূর্ণ প্রশাসনিক স্তর হিসেবে চিহ্নিত হয়ে এসেছে। এজন্য এই খানা প্রশাসনের কাঠামো পরিবর্তন অত্যন্ত জরুরী হয়ে পড়েছিল। ব্রিটিশ শাসনামলেই খানা পর্যায়ে উন্নয়নমূলক কর্মসূচী পরিচালনার জন্য সার্কেল অফিসার (উন্নয়ন) এর পদ প্রবর্তন করা হয়েছিলো এবং পাকিস্তান আমলে মৌলিক গণতন্ত্র অধ্যয়ন, ১৯৫৯ এর মাধ্যমে খানা পর্যায়ে পুষ্ক স্থানীয় সরকার গঠনের পদক্ষেপ নেয়া হয়। ১৯৭৬ সালে খানা পর্যায়ে খানা পরিষদ খানা সচিব ও খানা উন্নয়ন কমিটি গঠন করা হয়। যদিও এসব পদক্ষেপ উন্নয়নের লক্ষ্যেই গ্রহীত হয়েছিল কিন্তু এগুলো উন্নয়নের জন্য যথেষ্ট ছিল না। এজন্য প্রয়োজন হয়ে পড়ে খানা প্রশাসনের আঙ্গুল সংস্কার। তাই খানাকে উপজেলায় পরিণত করে এটিকে উন্নয়নমুখী ও অংশ-গ্রহণ মুখী প্রশাসনিক স্তরে পরিণত করার জন্য এর লক্ষ্য, কাঠামো ও কার্যবিধির ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন আনা হয়েছে। উপজেলা বা বন্দায় উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হবেন জনগণের প্রত্যক্ষ ভোটে। যাতে প্রশাসনিক কর্মকাণ্ডে জনমতের প্রতিফলন ঘটে। এর পূর্বে প্রশাসনের এই স্তরে এরূপ ব্যবস্থা ছিল না। তখন খানা পরিষদের চেয়ারম্যান ছিলেন মহকুমা প্রশাসক। বর্তমান ব্যবস্থায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের সেক্রেটারীত্ব পূর্ণ করবেন। উপজেলা পরিষদের উপর উপজেলার সব ধরনের উন্নয়নমূলক কাজের দায়িত্ব অর্পন করা হয়েছে। পুষ্ক হিসাব সংরক্ষণ, ম্যাজিস্ট্রেটসী, পুলিশ, আদালত, গ্রাম প্রতিরক্ষা বাহিনী এবং পরিদেখান মূলক কাজ সরকারের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে রয়েছে। এছাড়া প্রধান প্রধান কর্মসূচী সরকার কর্তৃক পরিচালিত হলেও সে সময় কর্মকাণ্ডের মধ্যে সমন্বয় সাধন করবেন উপজেলা চেয়ারম্যান। বিচার বা বন্দকে জনগণের কাছাকাছি নিয়ে যাওয়ার জন্য প্রতিটি উপজেলায় আদালত

স্থাপিত হয়েছে। এর ফলে বিচারের জন্য জনগণকে জেলা পর্যায়ে যেতে হবে না। এ ছাড়া এই ব্যবস্থায় প্রশাসনিক কর্মকর্তা ও স্থানীয় নেতৃবৃন্দের মধ্যে কর্মচার ভারসাম্য সৃষ্টি করা হয়েছে। আর জনগণের কাছাকাছি থাকার ফলে সরকারী কর্মকর্তাদের মধ্যে জনকল্যাণমূলক মানসিকতা সৃষ্টি হতে পারবে। বর্তমানে গ্রামীণ জনগণের মানসিকতায় পরিবর্তন এসেছে। এখন তারা নিজেদের ব্যবহার পরিবর্তনের জন্য সরকারী উদ্যোগের অপেক্ষায় থাকতে চায় না। তাই এই বিষয় পুরের জনসম্মিলিত উন্নয়ন কার্যে জড়িত করার জন্যই উৎসেলা ব্যবহার প্রবর্তন করা হয়েছে। এর আর একটি দিক হচ্ছে প্রশাসনের রাজনীতিকীকরণ। রাজনীতিকীকরণের মাধ্যমেই প্রশাসনিক প্রতিষ্ঠান ও বৈধ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা যায়। স্থানীয় প্রশাসনের রাজনীতিকীকরণ ও পঞ্চাঙ্গীকরণের সাথে গণতান্ত্রিক সমাজ কাঠামোর পরিবর্তনের বিষয়টিও জড়িত।

এই গবেষণার পুরুষ :

একটি গ্রাম প্রধান দের হিসাবে বাংলাদেশের জাতীয় উন্নয়ন গ্রাম উন্নয়নের উপর নির্ভরশীল এর পূর্বে গ্রাম উন্নয়নের জন্য গৃহীত বিভিন্ন প্রশাসনিক সংস্কার কার্যক্রম পর্যবেক্ষিত হয়েছিল। এছাড়া যেসময় সংস্কারের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন উভয় ক্ষেত্রে বিভিন্ন মূখ্য সমস্যা বিরাজমান ছিল। গ্রাম উন্নয়ন সম্পর্কে পরিকল্পনাবিদ, নীতি প্রণয়ন ও বাস্তবায়নকারীদের ধারণা বাস্তব ছিল না। এই ব্যাপারে সূত্র ও নির্ভুল গবেষণার বিরূপ ভূমিকা রয়েছে। বর্তমানে প্রশাসনিক সংস্কারের লক্ষ্য হচ্ছে কর্মচার বিকেন্দ্রীকরণ। উন্নয়নশীল দেশগুলোর উন্নয়ন কৌশলে বিকেন্দ্রীকরণের ধারণাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এজন্যই আমাদের দেশে প্রবর্তিত হয়েছে উৎসেলা ভিত্তিক প্রশাসনিক ব্যবস্থা। এটি একটি নতুন ব্যবস্থা এবং পূর্বের সমস্যা প্রশাসনিক সংস্কার থেকে কিছুটা তিনুত্তর। তাই এই ব্যবহার বিভিন্ন দিকের উপর গবেষণার প্রয়োজন রয়েছে। কিতাবে এটিতে আরও গণমুখীকরণে জেলা যায়, প্রশাসনে বিয়োজিত ব্যক্তি-বর্গের মানসিকতা কতটা উন্নয়নমুখী, প্রশাসনের বর্তমান কার্যকারিতা, সূচি-বিচারিত ও সীমাবদ্ধতা নির্ণয়, প্রশাসনের রাজনৈতিক উদ্দেশ্য বা জাতীয় কর্মচার কাঠামোর সাথে এর সম্পর্ক এ সমস্যা বিষয় গবেষণা সাপেক্ষ। বর্তমান প্রশাসন নির্দিষ্ট উন্নয়ন লক্ষ্য অর্জনে কতটুকু সক্ষম লাভ করবে তা নির্ভর করছে সূত্র গবেষণার উপর।

আমাদের দেশের গ্রাম উন্নয়ন প্রতিশ্রুতি ও প্রশাসনিক সংস্কারের উপর বিভিন্ন সময়ে বিভিন্ন গবেষণামূলক নিবন্ধ, গ্রন্থ রচিত হয়েছে। গ্রাম উন্নয়নের উপর তেমনি একটি উল্লেখ-যোগ্য গ্রন্থ - M.K. Alamgir এর 'Development Strategy for Bangladesh'

এতে গ্রাম উন্নয়নের কৌশল সম্পর্কে মূল্যবান আলোচনা করা হয়েছে। তবে দেশকর্ষ নির্ভর কর্মসূচীর মাধ্যমে কৃষিক্ষেত্রের উন্নয়নপূর্বক গ্রামসীমা এলাকার অর্থনৈতিক উন্নয়নের মধ্যে ইটার আলোচনা সীমাবদ্ধ রেখেছেন। Hasnat Abdul Hye এর "Decentralisation Local Institution and Resource Mobilisation" গ্রন্থটিতে এশীয় দেশগুলোর বিকেন্দ্রীকৃত প্রশাসনিক ব্যবস্থার উপর কিছুসংখ্যক তথ্য সমৃদ্ধ নিবন্ধ অন্তর্ভুক্ত করা হয়েছে। নিবন্ধগুলোতে এ সমসু দেশের বিকেন্দ্রীকরণ প্রতিশ্রুতি, স্থানীয় সরকারে অংশগ্রহণ এবং স্থানীয় সম্পদ আহরণের সাক্ষ্য, ব্যর্থতা এবং প্রতিবন্ধকতা সমূহের বিশদ আলোচনা রয়েছে এবং এর ভিত্তিতে কিছু সুপারিশ ও প্রণয়ন করা হয়েছে। কিন্তু বিকেন্দ্রীকরণকে রাষ্ট্রীয় ক্রমতার কাঠামোর সাথে সম্পর্কিত করে দেশের বিষয়টি উপেক্ষা করা হয়েছে। উপজেলা প্রশাসনের উপর বিশেষ আলোচনা সমৃদ্ধ Yusuf Hayder রচিত "Development Through Upazila Way" গ্রন্থটিতেও একই বিষয় লক্ষ্যনীয়। সুধুমাত্র উপজেলার অর্থনৈতিক উন্নয়নের দিকটিই জুড়ে ধরা হয়েছে। এসকল অসম্পূর্ণতাকে মনে রেখে আমি বিষয়টি সম্পর্কে গবেষণার প্রয়োজনীয়তা অনুভব করেছি।

গবেষণার মত :

আমার গবেষণা নিবন্ধে আমি বাংলাদেশের একটি নির্দিষ্ট উপজেলার উপর পর্যবেক্ষণ চালিয়ে এখানে অনুসৃত বিকেন্দ্রীকরণ নীতির উন্নয়নমুখী ভূমিকা সম্পর্কে ধারণা দেয়ার চেষ্টা করেছি। আমার গবেষণার মূল মত হচ্ছে গ্রাম উন্নয়ন তথা গ্রামের আর্থ-সামাজিক ও রাজনৈতিক উন্নয়নে এই প্রশাসনের কার্যকারিতা। এই প্রশাসন পূর্বের প্রশাসনের চাইতে কতটা উন্নত ,

অর্থপ্রদানমুখী ও উন্নয়নমুখীসে সম্পর্কে গবেষণার প্রয়োজন অনুভব করেই আমি সাম্প্রতিককালে প্রবর্তিত উপজেলা প্রশাসনের বিশ্লেষণ কাজে আগ্রহী হয়েছি। আমি এই বিষয়ে উপজেলা ব্যবস্থার মে দিকগুলোর উপর বিশেষ ভাবে আলোকপাত করেছি সেগুলো হচ্ছে :-

- ১) উপজেলা প্রশাসনের লক্ষ্য, কার্যাবলী ও ভূমিকা।
- ২) এই প্রশাসনের বর্তমান ভূমিকার মূল্যায়ন।
- ৩) এই প্রশাসনিক ব্যবস্থার সাক্ষ্যের ক্ষেত্রে বিরাজমান সমস্যা সমূহ চিহ্নিত করা।
- ৪) সমস্যা উত্তরণের জন্য সম্ভাব্য পদক্ষেপ সম্পর্কে সুপারিশ করা ও
- ৫) উপজেলা ব্যবস্থার ভবিষ্যৎ সম্ভাবন্য সম্পর্কে আলোকপাত করা।

গবেষণা পদ্ধতি :

একটি উপজেলাকে সঠিক ভাবে পর্যবেক্ষণের জন্য আমি প্রথমে উপজেলা অফিসে সংরক্ষিত নথি ও নথি পত্রের সাহায্যে বিশ্লেষণ করেছি। এছাড়া পত্র-পত্রিকা, প্রকাশিত গ্রন্থ ও বিভিন্ন সমূহ থেকেও খসড়া নিয়েছি। তবে মূল কথাটি হিসেবে আমি জরুরী পদক্ষেপকেই অধিকতর গ্রহণযোগ্য মনে করেছি। সুষ্ঠুরূপে জরুরী চালানোর জন্য আমি প্রকৃৎমালা তৈরী করেছি - একটি উপজেলা পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের জন্য, আরেকটি পরিষদের প্রশাসনিক কর্মকর্তাদের জন্য এবং অপরটি সাধারণ জনগণের জন্য।

গবেষণা কেন্দ্র :

গবেষণা কেন্দ্র হিসেবে আমি ঢাকা থেকে ২৪ মাইল উত্তর পশ্চিমে অবস্থিত খামরাই উপজেলাটি বেছে নিয়েছি। খামরাই উপজেলার পূর্বদিকে রূ. ১৫৬ সড়ক উপজেলা, পশ্চিমে

পাঁটুরিয়া উপজেলা, উত্তর দিকে হাংপাইল জেলাধীন মির্জাপুর উপজেলা ও পান্ডীপুর জেলার অনুর্ভূম কানিয়াকির উপজেলা, দক্ষিণে মানিকগঞ্জ জেলার অনুর্ভূম সিংপাইর উপজেলা। খামরাই এবং সাতারের মধ্যে দিয়ে প্রবাহিত হচ্ছে বংশাই নদী। নদীর উপরের সেতুটি ঢাকার সাথে খামরাই উপজেলার সড়ক যোগাযোগ স্থাপন করেছে। ঢাকা আরিচা মহাসড়কটি খামরাই উপজেলার মধ্যে দিয়ে গিয়েছে।

খামরাই উপজেলাটির মোট আয়তন-১১৭ বর্গমাইল। এখানে ইউনিয়ন রয়েছে ১৬টি এবং গ্রামের সংখ্যা ৪৩১ টি। এই উপজেলার মোট জনসংখ্যা ২,৬৫,৫২০ জন। এর মধ্যে পুরুষের সংখ্যা ১,৩৪,১০৮ জন এবং স্ত্রীলোকের সংখ্যা ১,৩১,৪১২ জন। এই উপজেলায় মাথাপিছু জমির পরিমাণ ০.২৮ একর। জনসংখ্যার অধিকাংশই কৃষিজীবী।

খামরাই উপজেলার জনসংখ্যার ২১.৫২% শিকিত এবং এই শিকিত জনসংখ্যার ৬৫.৯৭% পুরুষ ও ৩৪.০২% স্ত্রীলোক। উপজেলায় ৩টি কলেজ, ১৬টি হাই স্কুল ৩টি জুনিয়র হাই স্কুল ও ১০৮টি প্রাইমারী স্কুল রয়েছে। এখানে মাদ্রাসার সংখ্যা ৮৭টি, মসজিদ ৩৫০ টি ও মন্দির ২০টি।

পবেষণা কেন্দ্র হিসেবে এই উপজেলাটি বেছে নেয়ার কারণ হচ্ছে এই উপজেলার সাথে আমার প্রত্যক্ষ যোগাযোগ রয়েছে।

পবেষণার বিষয়গুলিকে আমি কয়েকটি অধ্যয়নে বিভক্ত করে উপস্থাপন করেছি। এই বিষয়ের প্রথম অধ্যয়ন আমি উন্নয়ন ও গ্রাম উন্নয়নের ধারণা, উন্নয়নের ক্ষেত্র প্রশাসনের ভূমিকা ও উপজেলা প্রশাসনের চলিত আন্দোলন করেছি। এছাড়া আমার পবেষণার লক্ষ্য, পদ্ধতি পবেষণা কেন্দ্র সম্পর্কে মোটামুটি ভাবে ধারণা দেয়ার চেষ্টা করেছি।

দ্বিতীয় অধ্যায়ে বিকেন্দ্রীকরণ তত্ত্ব, উন্নয়নের জন্য বিকেন্দ্রীকরণের প্রয়োজনীয়তা, বাংলাদেশে বিভিন্ন সময়ে গ্রহীত প্রশাসনিক সংস্কার এবং প্রশাসনিক সংস্কারের ইতিহাস নিয়ে কিছুটা আলোচনা করা হয়েছে।

তৃতীয় অধ্যায়ে আমি উপজেলা ব্যবস্থার উদ্দেশ্য, গঠন ও কার্যাবলী আলোচনা করেছি।

চতুর্থ অধ্যায়ে একটি নির্দিষ্ট উপজেলার উপর আলোচনা করেছি। এটা টাকার অদূরে অবস্থিত খামরাই উপজেলা। আমি এই উপজেলার বর্তমান প্রশাসনিক কাঠামো ও ভূমিকার সাথে পূর্ববর্তী প্রশাসনিক কাঠামো ও ভূমিকার একটি তুলনামূলক আলোচনা করেছি। এছাড়া পুসংগ-এসম্বে উক্ত উপজেলার আর্থ-সামাজিক-রাজনৈতিক পরিবেশের একটি চিত্রও তুলে ধরার চেষ্টা করেছি।

উপসংহারে এই উপজেলা বা ব্যবস্থার সমস্যা ও সম্ভাব্য সমাধানে আলোকপাত করা হয়েছে।

দ্বিতীয় অধ্যায়

=====

" বিকেন্দ্রীকরণ তত্ত্ব এবং উন্নয়নশীল দেশে এর প্রয়োজনীয়তা "

৬০ এর দশকে উন্নয়নশীল দেশগুলোতে কেন্দ্রীয় বিষয়শ্রেণী 'ট্রিকলে ডাউন' (trickle down) উন্নয়ন কৌশল গ্রহীত হয়েছিল। এসময় মোট জাতীয় উৎপাদনও মাথাপিছু আয় বৃদ্ধিই ছিল উন্নয়নের একমাত্র লক্ষ্য। উন্নয়ন প্রতিষ্ঠা সম্পূর্ণরূপে নির্ভরশীল ছিল কেন্দ্রের উপর। কেন্দ্র নির্ভর উন্নয়ন পরিকল্পনা প্রায়শই ও প্রয়োজনের দ্বারা পরিচালিত জনগণের জীবন যাত্রার মান উন্নয়ন সম্ভব হয় নি। প্রকৃতির কলাকল পরিচালনা শ্রেণীর মধ্যে ছাড়াই পড়ানি বরং ধনী শ্রেণীর কৃষ্ণিত হয়েছে। ফলে ধনী ও পরিচালিত দেশগুলোর ব্যবস্থান যেমন কেড়েছে তেমনি উন্নয়নশীল দেশে ধনী ও পরিচালিত শ্রেণীর ব্যবস্থান ও একাগত বৃদ্ধি পেয়েছে। তাই ৭০ এর দশকে উন্নয়ন কৌশল পরিবর্তিত হয়েছে। অধীনে উন্নয়নশীল দেশগুলোর সংজ্ঞা নির্ধারিত হয়েছে জনকল্যাণের প্রেক্ষাপটে। প্রকৃতির সাথে সাথে সমতার ভিত্তিতে বণ্টনের বিষয়টির প্রতি গুরুত্ব আরোপ করা হয়। আর অংশগ্রহণের প্রয়োজনীয়তাও অনুভূত হয়। কারণ পঞ্চাদশদশ শতাব্দীর পরিচালিত জনসমষ্টিতে উন্নয়ন কর্মকাণ্ডের সাথে যুক্ত করার মাধ্যমেই প্রকৃতির কলাকল সকল শ্রেণীর মধ্যে সমভাবে বন্টিত হতে পারে।

এরূপ উন্নয়ন কৌশল গ্রহণের ফলে সরকারের কার্যক্রমও কেড়ে যায়। আর এই বিভিন্নমুখী কার্যক্রম পরিচালনার জন্য এবং অংশগ্রহণ বিস্তৃত করার জন্য প্রশাসনিক কাঠামোর পরিবর্তন অত্যাৱণ্যক হয়ে পড়ে। ৮০ এর দশকে প্রশাসনিক বিকেন্দ্রীকরণ উন্নয়নের ধারণার সাথে ব্যাপক ভাবে আলোচনায় আসে। প্রশাসনিক ব্যবস্থার এই পরিবর্তনে রাষ্ট্রীয় কার্যক্রমের পরিমাণই দুধু বৃদ্ধি পায়না, এর ফলে আর্থ-সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন ও সাধিত হয়।

বিকেন্দ্রীকরণের ধারণাটি সাম্প্রতিক কালের বহুল আলোচিত বিষয়। বিকেন্দ্রীকরণকে এমন একটি অবস্থা হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে যেখানে কর্মসূচী ও কর্তৃত্বকে কেন্দ্র থেকে প্রিন্সিপাল

ছাড়া দেওয়া হয় এবং প্রত্যন্থ অঞ্চলে স্থানীয়ভাবে সিদ্ধান্ত গৃহীত, বাস্তবায়িত ও মূল্যায়িত হয়। অর্থাৎ কমতা বন্টন ও বিপুলকীর্ণিত করণের মাধ্যমেই বিকেন্দ্রীকরণের লক্ষ্য অর্জিত হতে পারে। বিপুলকীর্ণিত করণ প্রশাসনের সাথে সম্পর্কিত এবং কমতা বন্টন ছড়িত স্থানীয় সরকারের সাথে।^১ বিকেন্দ্রীকরণের চূড়ান্ত উদ্দেশ্য হচ্ছে স্থানীয় সরকারের কাছে রাজনৈতিক কমতা হস্তান্তর, আর্থিক ও প্রশাসনিক প্রতিবিধি প্রেরণ ও আয়নাত্যাগিক বিপুলকীর্ণিত করণ।

Cheema and Rondinelli তার ধরনের বিকেন্দ্রীকরণ প্রতিস্থাপন কথা উল্লেখ করেছেন -^২

- ১) বিপুলকীর্ণিত করণ < Deconcentration > ২) প্রতিবিধি প্রেরণ < Delegation >
 ৩) কমতা বন্টন < Devolution > ৪) বিচ্ছিন্নতাকরণ < Dispersal >।

প্রশাসনিক দায়িত্ব কেন্দ্রীয় সরকার দ্বারা স্থানীয় পর্যায়ে কর্মকর্তা অথবা সংগঠনের কাছে অর্পন করার বিষয়টি বিপুলকীর্ণিত করণ। এ ব্যবস্থায় কেন্দ্রীয় প্রশাসনিক কাঠামোর কাইরে পরিচালনা, সিদ্ধান্ত ও ব্যবস্থাপনার কর্তৃত্ব স্থানান্তর করা হয় না। প্রতিবিধি প্রেরণ হচ্ছে বিশেষ ধরনের কাজের জন্য সিদ্ধান্ত গ্রহণ ও ব্যবস্থাপনার দায়িত্ব অর্থাৎ দায়িত্বশাসিত সংস্থার কাছে অর্পন। কমতা বন্টন দ্বারা কেন্দ্রীয় সরকার থেকে সম্পূর্ণ পৃথক ও স্বায়ত্বশাসিত অংশ গ্রহণমূলক স্থানীয় সরকার সৃষ্টি বোঝায়। এরূপ ব্যবস্থায় স্থানীয় পর্যায়ে কেন্দ্রীয় সরকারের প্রত্যেক কোন বিষয়স্থল থাকে না। এছাড়া বিচ্ছিন্নতাকরণের মাধ্যমেও বিকেন্দ্রীকরণ বীতির পুষ্টি হতে পারে। এরূপ ব্যবস্থায় কোন কমতা হস্তান্তর না করে সরকারী কর্মকর্তাদের রাজধানীর বাইরে নিয়োগ করা হয়। সরকারের কাছ থেকে স্বেচ্ছামূলক অথবা বেসরকারী প্রতিষ্ঠানের কাছে কিছু প্রশাসনিক কর্মকাণ্ড স্থানান্তরিত করা হয় বলে এটাকে অনেক সময় 'ব্যক্তিগতকরণ < Privatization > হিসেবেও কথিত করা হয়।

১) Henry Maddick, Democracy Decentralization and Development, (Asia Publishing House, Bombay, 1963), P.28.

২) Dennis A Rondinelli and G Shabbir Cheema, "Implementing Decentralization, Policies: An introduction" in Cheema & Rondinelli (ed), Decentralization and Development, (Sage Publications, Beverly Hills, London/New Delhi, 1983), PP. 18-25.

Fealer বিকেন্দ্রীকরণের ধারণাকে ব্যাখ্যা করতে গিয়ে তিনটি তত্ত্বের উল্লেখ করেছেন— মতবাদ সংক্রান্ত তত্ত্ব, রাজনৈতিক তত্ত্ব ও প্রশাসনিক তত্ত্ব। মতবাদ সংক্রান্ত তত্ত্ব অনুযায়ী বিকেন্দ্রীকরণ কোন চূড়ান্ত অবস্থায়, চূড়ান্ত অবস্থায় পৌঁছানোর উপায়। রাজনৈতিক তত্ত্ব প্রতিষ্ঠিত কমতা বক্তবের ধারণার সাথে আর প্রশাসনিক তত্ত্ব প্রতিবিধি প্রেরণের সাথে সম্পর্ক যুক্ত।

Diana Conyers বিকেন্দ্রীকরণের ধারণাকে ব্যাখ্যা করতে গিয়ে কয়েকটি বিষয়ের প্রতি আলোকপাত করেছেন। এগুলো হচ্ছে :^{৩০}

- ১) যে বা বহুবিধ কার্যক্রমের ভিত্তিতে কমতা হ্রাস হইবে,
- ২) প্রতিটি কার্যক্রমের উপর হ্রাসিত কমতার ধরণ,
- ৩) যে পর্যায়ে, সুর ও এলাকায় কমতা হ্রাসিত হইবে,
- ৪) প্রতিটি পর্যায়ে সুর ও এলাকার অবস্থিত যে সমস্ত ব্যক্তি সংস্থা ও প্রতিষ্ঠানে এ ধরণের কমতা হ্রাসিত হইবে এবং
- ৫) যে সমস্ত আইনগত ও প্রশাসনিক বা বহুবিধ মাধ্যমে এই কমতা হ্রাসিত হইবে।

সম্প্রতি উন্নয়নশীল দেশগুলোর উন্নয়ন ক্ষেত্রে বিভিন্ন ধরণের বিকেন্দ্রীকরণ প্রতিষ্ঠা বিভিন্ন মাধ্যম প্রয়োগ করা হচ্ছে। বিকেন্দ্রীকরণ নীতির উদ্ভব ঘটে সমাজের সর্বস্তরের দায়িত্ব পূরণ ও মান উন্নয়নের ক্ষেত্রে কেন্দ্র নির্ভর উন্নয়ন পরিকল্পনার কার্যতা ও সরকারী কার্যক্রমের প্রতিষ্ঠা এবং পরিমাণ বৃদ্ধির ক্ষেত্রে। এছাড়া বিকেন্দ্রীকরণের আর একটি দিক রয়েছে। কমতার প্রতিষ্ঠা কেন্দ্রীকরণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কর্মভারে হ্রাস হ্রাসজনক বাহকে। এরূপ অবস্থায় জনগণের সাথে সরকারের প্রত্যক্ষ যোগাযোগ না থাকলে সরকারি জনগণের সমস্যা বুঝতে পারেন না। ফলে বিভিন্ন অঞ্চল, শ্রেণীগোষ্ঠী ও সম্প্রদায়ের মধ্যে অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক অসমতার সৃষ্টি হয়। এই অসমতা অকমেই জনগোষ্ঠীর মধ্যে ফেঁদে ফেঁদে সৃষ্টি করে যা আন্দোলনের রূপ নেয়। বাংলাদেশের স্থানীয় সংগ্রামের ভিত্তি ছিল এই বৈষম্যমূলক অবস্থা।

৩০। Diana Conyers, "Decentralization: A Framework for Discussion" in Hasnat Abdul Hye (ed) Decentralisation Local Government Institutions and Resource Mobilisation (Bangladesh Academy for Rural Development, Kotbari, Comilla, 1985), p. 24.

তাই কেন্দ্রীয় সরকারের সহায়তায় জনগণ প্রাথমিক বিবেকীয়তার প্রয়োজন হয়। বিশ্ব শুর
বেকে কেন্দ্রীয় সরকারের ক্ষমতার ভিত্তিকে প্রতিস্থাপন করার জন্য যেমন বিবেকীয়তা নীতি অনুসৃত
হয়ে থাকে তেমনি এর ক্ষেত্রে অংশগ্রহণের সুযোগ সৃষ্টির দ্বারা একটি শিথিল রাজনৈতিক
ব্যবস্থা প্রতিষ্ঠিত হতে পারে। একটি প্রতিস্থাপন কেন্দ্রীয় সরকার গঠিত হতে পারে বিবেকীয়তার
মাধ্যমেই। এটা সাধারণ ভাবে সূচিত যে, উন্নয়নের সূক্ষ্ম সকল সুরের মধ্যে সমভাবে ছড়িয়ে
দেওয়ার জন্য পরিকল্পনা প্রণয়ন, কর্মসূচী পরিচালনা ও বাস্তবায়ন এবং মূল্যায়নের ক্ষেত্রে সাধারণ
জনগণের অংশগ্রহণ প্রয়োজন এবং তাদেরকে লক্ষ্য রেখেই উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহীত হয়।
এটি সম্ভব হতে পারে স্থানীয় সরকারের কাছে রাজনৈতিক ক্ষমতা অর্পনের মাধ্যমে। কারণ
'এ ধরনের পরিবর্তন পৃথক প্রযুক্তিগত ও প্রাথমিক নয় বরং রাজনৈতিক। এতে কেন্দ্র কর্তৃক
প্রয়োগকারী গোষ্ঠীর কাছ থেকে স্থানীয় পর্যায়ে নিয়ন্ত্রণকারী গোষ্ঠীর কাছে ক্ষমতা হস্তান্তরিত
হয়।'^৪

উন্নয়নশীল দেশগুলোতে গ্রহীত উন্নয়ন কৌশলের লক্ষ্য হচ্ছে সাধারণভাবে দ্রুত অর্থনৈতিক
প্রবৃদ্ধি এবং উচ্চতর সামাজিক সমতা, শিক্ষার গ্রহণ প্রতিষ্ঠার ব্যাপক অংশগ্রহণ, সামাজিক
সেব্য পরিমুদ্রের অধিকার বৃদ্ধি, সংখ্যাগরিষ্ঠ জনগণের মৌলিক মানবিক চাহিদার সংস্থান।
এ সমস্ত লক্ষ্য অর্জনের জন্য আর্থ-সামাজিক ও রাজনৈতিক কাঠামোতে মৌলিক পরিবর্তন আনয়নের
লক্ষ্য বিবেকীয়তা নীতি গ্রহণের প্রয়োজন হয়।

প্রাথমিক কাঠামোকে প্রত্যক্ষ অঞ্চলে বিস্তৃত করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার, স্থানীয় সরকারী
কর্মকর্তা, নির্বাচিত প্রতিনিধি ও জনগণের মধ্যে পারস্পরিক সম্পর্কের সূত্র তৈরী হয়। এর ক্ষেত্রে
স্থানীয় জনসাধারণ যেমন স্থানীয় পর্যায়ের উন্নয়ন কর্মসূচীর উপর ব্যাপক প্রভাব বিস্তার করতে
পারে, তেমনি কেন্দ্রীয় সরকারের জাতীয় উন্নয়ন নীতি ও কর্মসূচী সম্পর্কিত অবহিত হতে পারে।
কেন্দ্রীয় সরকার ও স্থানীয় প্রশাসকদের মাধ্যমে জনগণের কাছাকাছি আসতে পারে। এছাড়া স্থানীয়
প্রশাসকগণ জনগণের কাছাকাছি থাকতে পারেন এবং জনগণের সহযোগিতায় যথাযথ উন্নয়ন পরিকল্পনা
গ্রহণ করতে পারেন। এছাড়া উন্নয়ন কর্মসূচী যদি টিকিয়ে রাখা চান রাখা ও বিস্তৃত করা যায়

^৪ Keith Griffin, "Economic Development in a Changing World"
in World Development, Vol. 9, 1981, P. 225.

তাহলে এটা জনগণের মধ্যে উদ্যম ও দীর্ঘ মেয়াদী সমর্থন সৃষ্টি করবে।^৬ সরকার উন্নয়ন কার্যে উৎসাহদাতা, নির্দেশক, গুণগোষ্ঠীকর্তারী ভূমিকা পালন করতে পারে, উন্নয়ন কার্যে সহযোগিতা করতে পারে, এপিথে নিয়ে যেতে পারে কিন্তু উন্নয়ন ঘটতে পারে না। উন্নয়ন অর্জিত হতে পারে - জনগণের দ্বারা, জনগণের যোগ্যতা ও দক্ষতার যথাযথ ব্যবহারের মাধ্যমে। জনগণের অংশগ্রহণ প্রতিষ্ঠানিক রূপে বিকেন্দ্রীকরণের দ্বারা স্থানীয় প্রশাসনের কাছে কমতা হস্তান্তরের মাধ্যমে। প্রশাসনের বিকেন্দ্রীকরণ দ্বারা সরকার জনগণকে তাদের অবস্থা সম্পর্কে সচেতন করে তুলতে পারে। তাদের মধ্যে উন্নয়নমূলক মানসিকতার সৃষ্টি করতে পারে - এমনকি যে কোন পরিবর্তনের গ্রহণ করার মনোভাব উৎসাহিত করতে পারে - আর এর ফলেই অক্ষমত অসাম্য দূর হতে পারে এবং একটি স্থিতিশীল শক্তিশালী কেন্দ্রীয় সরকার ও অংশগ্রহণ সুবীক্ষণীয় আঞ্চলিক সরকার পাশাপাশি কার্যকর থাকতে পারবে।

বাংলাদেশের স্থানীয় প্রশাসনে সংস্কার কার্য শুরু হয়েছে ব্রিটিশ শাসনামলের শেষ পর্যায়ে। বোগল শাসনামলে বাংলার স্থানীয় প্রশাসনে ছিল ভূস্বামীদের আধিপত্য। বোগল শাসকগণ তাদেরকে এক একটি বিশাল এলাকা নিয়ন্ত্রণের অধিকার দিতেন। এই এলাকাগুলোকে বলা হতো 'জমিদার'। ব্রিটিশ শাসনামলে প্রবর্তিত হলো জমিদার প্রথা। এই জমিদার বা জমিদারগণের উপর স্থানীয় রাজস্ব আদায় ও জনকল্যাণমূলক কাজের দায়িত্ব অর্পিত হয়েছিলো। পরে ব্রিটিশ সরকারই সর্বপ্রথম ইউনিয়ন, জেলা ও শহর পর্যায়ে স্থানীয় প্রশাসন কাঠামো গঠন করেন। এর প্রথম পদক্ষেপ ছিল ১৮৭০ সনে গৃহীত 'চৌকিদারী বন্ধ হতে আইন'। পরবর্তী সংস্কারগুলো ছিল জেলা প্রশাসন আইন (১৮৮০), পৌরসভা আইন (১৮৮৫), গ্রাম প্রশাসন আইন (১৯১৯)। কিন্তু এ সমস্ত আইনের অধিনে গঠিত স্থানীয় প্রশাসনের কোনটাই জনপ্রতিনিধিত্বমূলক ছিল না। এক্ষেত্রে গ্রাম প্রশাসন আইন (১৯১৯) দ্বারাই কিছুটা তিরতির পদক্ষেপ নেয়া হয়। এ ব্যবস্থায় জেলা বোর্ডের চেয়ারম্যানকে জনগণের প্রত্যেক ভোটে নির্বাচিত করার ব্যবস্থা করা হয়। পূর্বে চেয়ারম্যান ছিলেন জেলা প্রশাসক। তবে সবগুলোতে জেলা বোর্ডই ছিল কর্তৃত্ববাদী প্রতিষ্ঠান।

৬। Henry Haddok, OP.Cit., P.44.

পাকিস্তান জালাবন্দীতে স্হাবীয়া প্রশাসনে গুরুত্বপূর্ণ সংস্কার ছিল মৌলিক গণতন্ত্রের প্রবর্তন। উল্লেখযোগ্য যে খানা পর্যায়ে স্হাবীয়া সরকার গঠিত হয় - সর্বপ্রথম মৌলিক গণতন্ত্রের (১৯৫৯) মাধ্যমেই। খানা কাউন্সিল গঠন করা হয়েছিলো খানা পর্যায়ের সরকারী কর্তৃকও একটি খানার অনুর্ত্ত সর্বল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদেরকে নিয়ে। মহকুমা প্রশাসক ছিলেন খানা কাউন্সিলের চেয়ারম্যান। সুতরাং খানা কাউন্সিল জনগণের প্রত্যেক ভোটে নির্বাচিত সদস্যদের নিয়ে গঠন করা হয়নি, কারণ এসময় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জনগণের ভোটে নির্বাচিত হতেন না, নির্বাচিত হতেন পরিষদ সদস্যদের ভোটে দ্বারা।

মৌলিক গণতন্ত্র প্রায় উন্নয়নে কোন তৃষিকা রাখতে পারেনি। এই অবস্থা ছিল কেন্দ্র বিতর্ক, কেন্দ্র পরিচালিত ও কেন্দ্র নিয়ন্ত্রিত। এই ব্যবস্থায় আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ পূর্বের চেয়ে অনেক বেশী ছিল। মৌলিক গণতন্ত্রীরা উদ্বৃত্ত কৃষকদেরই দুই সাহায্য করতো। ফলে খনী পরিষদের ব্যবধান এক্ষয় বৃদ্ধি পায়। মৌলিক গণতন্ত্রীরা অর্ধ সংশ্লিষ্ট বিষয়ে দুর্বলিতে লিপ্ত থাকতো বলে প্রয়োজনীয় তহবিলের অভাবে উন্নয়ন কর্মসূচীর বাস্তবায়ন সম্ভব হতো না। এককথায়, এই মৌলিক গণতান্ত্রিক ব্যবস্থা ঔপনিবেশিক প্রশাসনের উত্তরাধিকার লাভ করে ছিল।

স্বাধীনতার পর প্রশাসনিক সংস্কার লক্ষ্যে গঠিত হয়েছিল দুটি কমিটি (১) প্রশাসনিক পুনর্গঠন কমিটি (মার্চ, ১৯৭২) এবং (২) জাতীয় বেতন কমিশন (জুলাই, ১৯৭০)। প্রশাসনিক পুনর্গঠন কমিটির উল্লেখযোগ্য সুপারিশ ছিল স্হাবীয়া সরকার স্হাবীয়া জনগণ দ্বারা নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে গঠন করার ব্যবস্থা করতে হবে। এর ফলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে জনগণের প্রত্যেক ভোটে নির্বাচিত করার আইন গৃহীত হয়। কিন্তু খানা পরিষদের কাঠামোতে কোন পরিবর্তন আনা হয় নি।

পরবর্তীতে ১৯৭৬ সালে খানা পর্যায়ে একটি খানা উন্নয়ন কমিটি গঠন করা হলেও খানা কউসিলের কোন গুরুত্বপূর্ণ পরিবর্তন হয় নি। খানা উন্নয়ন কমিটির একটি উল্লেখযোগ্য দিক হচ্ছে এতে খানা পর্যায়ের কয়েকজন বেসরকারী ব্যক্তিকে সদস্য নিযুক্ত করা হয়। তবে এ সময় লাহাবীয় প্রশাসনের উল্লেখযোগ্য সংস্কার ছিল "সুনির্ভর গ্রাম সরকার" এই ব্যবস্থা প্রবর্তিত হয় ১৯৮০ সালের মে মাস থেকে।

'সুনির্ভর গ্রাম সরকার' ব্যবস্থায় ২ জন মহিলা সদস্যসহ মোট ১১ জন সদস্য ও একজন গ্রাম প্রধান নিয়ে গঠিত হয় গ্রাম সরকার। এই ১১ জন সদস্য নির্বাচিত করা হয় একটি গ্রামের মোট জনসংখ্যাকে কয়েকটি পেশাভিত্তিক শ্রেণীতে ভাগ করে প্রতিটি শ্রেণী থেকে ২ জন করে সদস্য নিয়ে। গ্রাম সরকার সদস্যগণ জনগণের তোটে আনুষ্ঠানিকভাবে নির্বাচিত হতেন না। এরা নির্বাচিত হতেন পূর্বে উদ্ভিখিত পেশা ভিত্তিক সংঘের সদস্যদের নিয়ে গঠিত গ্রাম সভার সন্মিলিত মতামতের ভিত্তিতে।

এই ব্যবস্থায় জনগণের হাতে প্রকৃত পক্ষে কোন কমতা ছিল না। লাহাবীয় সরকার সংশ্লিষ্ট জাতীয় পরিষদ ছিল লাহাবীয় সরকারের উর্ধ্বতন প্রতিষ্ঠান। আর এই পরিষদের সভাপতি ছিলেন রাষ্ট্রপতি। এই পরিষদ লাহাবীয় উন্নয়ন বীতি প্রণয়ন, অর্থ বরাদ্দ ও সমন্বয় সাধনের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করতো। সরকারের অতিশ্রুতি হসুক্ষেপের ফলে অংশগ্রহণ ও বিকেন্দ্রীকরণের পরিকল্পনা সার্থকতা লাভ করে নি। এবং মৌলিক গণতন্ত্রের ব্যায় এটিও রাজনৈতিক উদ্দেশ্য সাধনকারী প্রতিষ্ঠানে পরিণত হয়েছিল।

এছাড়া গ্রাম সরকারের নেতৃত্বে যারা ছিলেন তারা ছিলেন পূর্ব থেকেই গ্রামের নেতৃলাহাবীয় ব্যক্তি এবং গ্রামের প্রভাবশালী ধনী শ্রেণীর অন্তর্ভুক্ত। আর একটি সমস্যা ছিল গ্রাম সরকার যথেষ্ট শক্তিশালী ও সুসংগঠিত না হওয়ায় এবং বিভিন্ন দিক থেকে সুসংস্কৃত না হওয়ায় গ্রামের যে কোন সমস্যা নিয়ে জনগণকে খানা ও জেলা পর্যায়ে যেতে হতো।

উপরোক্ত ব্যবস্থার প্রেক্ষিতে প্রাক্তন প্রশাসনিক কেন্দ্র বন্ধুতে পরিণত করার অসুবিধা বিবেচনা করে ১৯৮২ সালের ২৩শে ডিসেম্বর 'স্থানীয় সরকার (খানা পরিষদ এবং খানা প্রশাসন পুনর্গঠন) অধ্যাদেশ ১৯৮২' ঘোষণা করা হয়। এই ঘোষণানুযায়ী খানার নতুন নাম করণ হয় উপজেলা এবং এর প্রশাসনিক কাঠামোতে আমূল পরিবর্তন আনা হয়। আর মহকুমাগুলোকে জেলায় পরিণত করা হয়। এই ব্যবস্থায় প্রশাসনের কেন্দ্রবিন্দু হচ্ছে উপজেলা।

উন্নয়নশীল দেশগুলোতে প্রশাসনিক কেন্দ্রে বিকেন্দ্রীকরণ নীতি গৃহীত হচ্ছে দরিদ্র শ্রেণীর জীবন যাত্রার জন্য আবশ্যিকীয় চাহিদাসমূহ পূরণকে অগ্রাধিকার দিয়ে সার্বিক কেন্দ্রে মান উন্নয়নের লক্ষ্যে। যেহেতু উন্নয়নমূলক কর্মকাণ্ড রাজনৈতিক কমতার সাথে যুক্ত কাজেই কমতায় সকল শ্রেণীর বিশেষ করে প্রত্যয় অঞ্চলের দরিদ্র ও পঞ্চাশদ শ্রেণীর সরাসরি অংশগ্রহণের সুযোগ না থাকলে ব্যবস্থার পরিবর্তন সম্ভব নয়। এ কারণেই রাজনৈতিক কমতাকে প্রত্যয় অঞ্চলে ছড়িয়ে দেয়ার মাধ্যমে সকল শ্রেণীকে কমতায় স্থান ভাবে অংশ গ্রহণের সুযোগ দেয়ার জন্য উন্নয়নশীল দেশগুলোর প্রশাসনিক ব্যবস্থায় বিকেন্দ্রীকরণ নীতি বিস্তারিত ভাবে গৃহীত হচ্ছে। এর ফলে শুধু কেন্দ্রে নয়, স্থানীয় পর্যায়ে সিমানু গ্রহণ, বাস্তুায়ন ও মূল্যায়ন সম্ভব হতে পারবে। দেশের সকল স্তরের উন্নয়নের জন্য প্রয়োজন একটি স্থিতিশীল শাসন কাঠামোর প্রবর্তন। আর এটি সম্ভব হতে পারে শ্রেণী, সম্প্রদায় ও অঞ্চলগত অসাম্য দূরীকরণের মাধ্যমে এজন্য আমাদের দেশেও বিভিন্ন সময়ে গ্রামীণ জনগণকে উন্নয়ন প্রক্রিয়ায় জড়িত করার পদক্ষেপ গৃহীত হয়েছে। কিন্তু এ পর্যন্ত কোন সুরল অর্জিত হয় নি। শহর ও গ্রামাঞ্চলের আয়ের বৈষম্য কমে নি। কারণ গণকেন্দ্রিক ও অধিনৈতিক ব্যবস্থা গড়ে উঠে নি। জনগণের অংশ গ্রহণের সুযোগ ছিল সীমিত। অতীতের বিকেন্দ্রীকরণ প্রক্রিয়ায় এ সমস্যা সৃষ্টিসমূহের প্রতি লক্ষ্য রেখেই সম্প্রতি প্রশাসনকে পুনর্বিদ্যায় করা হয়েছে এবং উপজেলাকে প্রশাসনের সর্ববিন্দু এককে পরিণত করা হয়েছে।

দ্বিতীয় অধ্যায় :

" ঐতিহাসিক প্রেক্ষাপটে উপজেলা পরিষদ "

ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ শাসন শুরু হয় অষ্টাদশ শতক থেকে। আর তখন থেকেই খানা একটি গুরুত্বপূর্ণ প্রশাসনিক একক হিসেবে কাজ করে এসেছে। লর্ড কর্নওয়ালিসের আমলে সরকারের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে একটি নিয়মিত পুলিশ প্রশাসন গঠিত হয়।^১ ১৭৭২ সালের এই নতেশ্বরের রেগুলেশনে জেলা সমূহকে খানা (পুলিশ স্টেশন) নামের পুলিশ এলাকায় বিভক্ত করার জন্য ম্যাজিস্ট্রেটদের অনুরোধ করা হয় এবং এই রেগুলেশন পরে ১৭৯৩ সালে সুপ্রতিত হয়।^২ আইন লঙ্ঘনা রুকা, চোর ডাকাতি দমন, অপরাধ দমন, কর আদায়কারীকে শাস্তি প্রদান ইত্যাদি কার্যাবলী সুসংগঠিত ভাবে সম্পাদন করার জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক স্থানীয় ভাবে পুলিশ বাহিনীর সহায়তায় খানা প্রশাসনের কার্য সম্পাদিত হতো।^৩ প্রতিটি খানা ২০ বর্গমাইল এলাকা নিয়ে গঠিত ছিল এবং প্রতিটি খানায় অস্ত্র সজ্জিত একদল বরকন্দাজ সহ একজন দারোগা (অফিসার ইন চার্জ) নিযুক্ত ছিলেন।^৪ ৪টি অথবা তার অধিক খানা একত্রিত হয়ে একটি মহকুমা গঠিত ছিল এবং প্রত্যেক জেলায় একটি অথবা তার বেশী মহকুমা ছিল।^৫ এছাড়া ১৮২৯ সালে ভূমি রাজস্ব প্রশাসনের কাজের তত্ত্বাবধানের জন্য বিভাগ নামে প্রশাসনিক একক প্রতিষ্ঠিত হয়।^৬

-
- ১। Shawkat Ali, Field Administration and Rural Development in Bangladesh (Centre for Social Studies, Dhaka University, 1982) PP. 29-30.
- ২। Ibid, P. 30.
- ৩। মোঃ আবদুল সালিম 'বাংলাদেশে খানা প্রশাসনকে উপজেলায় উন্নীত করণ' in Publica, a bi Annual Journal of Administrative Affairs Vol-1, No. 1 1984, P. 63.
- ৪। Md. Maksudur Rahman, "The Upazila Parishad in Historical Perspectives" in The Journal of Local Government, Vol-15, No-2, July-December, 1986, National Institute of Local Government, P-107.
- ৫। "The Upazila : A study in Political Administrative Relationship in Bangladesh," in The Journal of Local Government, Special Issue on Upazila, 1986, P. 47.
- ৬। Ibid, P. 47.

খানা প্রতিষ্ঠিত হওয়ার পূর্বে প্রধান প্রশাসনিক একক ছিল জেলা প্রশাসন। জেলা প্রশাসন বা কালেকটরশীপের প্রতিষ্ঠা ১৭৬৯ সালে। প্রথমে বাংলাদেশে ১টি কালেকটরশীপ ছিল এবং উপ-হাটসে ছিল ১১টি। পরবর্তীতে এই কালেকটরশীপ জেলায় পরিণত হয়। পরবর্তীকালে বাংলাদেশে ২০টি জেলায় সংগঠিত ছিল।^৭

এই ব্যবস্থা ২১শে মার্চ, ১৭৮৭ সালের ফেলিকাতা গেজেটের মাধ্যমে প্রচারিত হয়।^৮ ১৭৮৬ সাল থেকেই জেলা রাজস্ব আদায়ের প্রধান এককে পরিণত হয়।^৯ ১৭৮৭ সালে জেলা প্রশাসকের হাতে রাজস্ব আদায় ছাড়া প্রশাসনিক ও বিচার বিভাগীয় ক্ষমতা ন্যস্ত হয়। আর তখন থেকেই জেলা প্রশাসন এক মৌল এককে রূপান্তরিত হয়।^{১০} জেলা প্রশাসনের কার্যের পরিধি এত বিস্তৃত ছিল যে, পরবর্তীতে প্রশাসনকে আরও বিন্যস্ত করে সংগঠিত করার জন্য বিভিন্ন কমিটি বিভিন্ন ধরনের সুপারিশ প্রদান করে। আর প্রায়শ্চলে স্থানীয় প্রশাসন প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার ক্ষেত্রে ১৯০৭ সালে গঠিত হয় - 'Royal Commission Upon Decentralized Development in India' এই কমিশন সার্কেল অফিসারের পদ প্রবর্তনের সুপারিশ করে। এই সার্কেল পদটি ১৯১১ সালে পরীক্ষামূলক ভাবে প্রবর্তিত হয়।^{১১} সার্কেল অফিসারকে ইউনিয়ন বোর্ডের কার্যের নির্দেশনা এবং জেলা বোর্ড ও খানা প্রশাসনের মধ্যে যোগসূত্র হিসেবে কাজ করতে হতো এবং তিনি ২৫টি অববাহার বেশী ইউনিয়ন নিয়ে গঠিত ২/৩ টি খানার ভারপ্রাপ্ত ছিলেন।^{১২} এরপর সেভিকল কমিটির (১৯১৩-১৪) রিপোর্টে স্থানীয় বোর্ডের বিলুপ্তি এবং খানা পর্যায়ের সার্কেল বোর্ড গঠনের সুপারিশ করা হয়।^{১৩} এছাড়া সার্কেল অফিসারকে সার্কেল বোর্ডের সভাপতি

৭। Shawkat Ali, OP. Cit., P.26.

৮। Ibid, P.26

৯। এমাজউদ্দিন আহমেদ, 'প্রশাসনিক পুনর্গঠন : কিছু বক্তব্য কিছু সুপারিশ' বিচিত্রা, ইদ সংখ্যা, ১৯৮২, পৃ:১২৭।

১০। প্রায়শ্চলে: ১২৭।

১১। 'The Upazila: A study in Political Administrative Relationship in Bangladesh' OP.Cit., P.48.

১২। Kamal Siddique, Local Government in Bangladesh (National Institute of Local Government, Dhaka, 1984).P.18.

১৩। Ibid, P.18.

